

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 0২-12-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

PM, Bhubaneswar :

ভুবনেশ্বরে আয়োজিত সর্বভারতীয় পুলিশের মহানির্দেশক এবং পুলিশ মহাপরিদর্শক সম্মেলনের শেষদিনে গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের বিভিন্ন রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের গুরুত্বপূর্ণ নিরাপত্তা-সম্পর্কিত বিষয় নিয়ে আলোচনা করেন। আলোচনায় মূলতঃ সাইবার অপরাধ, উপকূলীয় নিরাপত্তা এবং মাওবাদী বিদ্রোহের বিরুদ্ধে আলোচনা করা হয়। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালও সম্মেলনে উপস্থিত ছিলেন।

Cop ১৬:

আজ সৌদি আরবের রিয়াদে শুরু হবে জাতিসংঘের কনভেনশন টু কমব্যাট মরুভূমির ১৬ তম কনফারেন্স অফ পার্টিস । এই প্রথম পশ্চিম এশিয়া এই গুরুত্বপূর্ণ পরিবেশ সম্মেলনের আয়োজন করছে । ভারত এই মাইলস্টোন ইভেন্টে ১৯৭ টি দেশের প্রতিনিধিদের সাথে যোগ দেবে, যা UNCCD -র ৩০ তম বার্ষিকীর সাথে মিলে যায় ।

World AIDS Day/ CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা:) মানিক সাহা বলেছেন, এইচআইভি/এইডস প্রতিরোধে জন সচেতনতার উপর সবচেয়ে বেশি গুরুত্ব দিতে হবে। বিশেষ করে যুব সমাজকে

এইচআইভি/এইডস বিষয়ে সচেতন করার লক্ষ্যে আরও বেশি করে কর্মশালা আলোচনাচক্রের আয়োজন করা প্রয়োজন। গতকাল প্রজ্ঞাভবনে রাজ্যভিত্তিক বিশ্ব এইডস দিবস উদযাপন অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন। অন্যান্য সাধারণ মানুষের মতো এইচআইভি আক্রান্তদেরও বাঁচার অধিকার রয়েছে। তাই এইচআইভি আক্রান্তদের বিরুদ্ধে কোন ধরণের বৈষম্যমূলক আচরণ করা হলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণেরও সুযোগ রয়েছে।

District Level.World Aids Day :

এদিকে গতকাল সাব্বুরমের কলাছড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে দক্ষিণ জেলাভিত্তিক এইডস দিবস পালন করা হয়। এইডস দিবস উপলক্ষে স্কুল ছাত্র - ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক শোভাযাত্রা ও সভা অনুষ্ঠিত হয়। সভায় কলাছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসকরা সচেতনতামূলক বক্তব্য রাখেন। সভায় আসা ১০ জনকে এইডসের পরীক্ষা করানো হয়।

Nagaland Statehood Day:

নাগাল্যান্ড দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নাগাল্যান্ডের জনগনের প্রতি শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় গতকাল রাষ্ট্রপতি বলেন, মনোরম প্রাকৃতিক পরিবেশে সমৃদ্ধ নাগাল্যান্ড বীরত্ব ও সাহসিকতার রাজ্যও। নাগাল্যান্ডের জনগনের জন্য রাষ্ট্রপতি এক শান্তিপূর্ণ, সমৃদ্ধ ও উন্নয়নশীল ভবিষ্যত কামনা করেন। উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ও নাগাল্যান্ড দিবসে ওই রাজ্যের জনগনকে শুভেচ্ছা জানিয়ে বলেন, নাগাল্যান্ড ভারতের সাংস্কৃতিক এবং প্রাকৃতিক সম্পদের প্রতীক। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নাগাল্যান্ডের জনগনকে শুভেচ্ছা জানিয়ে বলেন, নাগাল্যান্ড কর্তব্য এবং সহমর্মিতার প্রতীক। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী

অমিত শাহ নাগাল্যান্ডের জনগনকে শুভেচ্ছা জানান। তিনি ওই রাজ্যের উন্নতি ও সমৃদ্ধির প্রার্থনা করেন।

Bsf rising day:

বিএসএফের ৬০তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ড. মানিক সাহা বলেন, দেশের নিরাপত্তায় প্রথম সারিতে থাকেন বিএসএফ জওয়ানরা। আমরা নিরাপদে থাকি সীমান্তে জওয়ানরা সজাগ থাকার কারণেই। বিএস এফ এর শালবাগান সদর দপ্তরে গতকাল অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী সমস্ত বিএসএফ কর্মীদের শুভেচ্ছা জানিয়ে সীমান্তে শান্তি বজায় রাখার জন্য তাদের সকল প্রচেষ্টার প্রশংসা করেছেন। তিনি দেশের জন্য দায়িত্ব পালনে জীবন উৎসর্গকারী শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং একাত্তরের বীর সেনাদের সংবর্ধনা প্রদানের করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিএসএফ এর আইজি পিযুষ পুরুষোত্তম প্যাটেল, ডিআইজি রাজেশ কুমার প্রমুখ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর হাত ধরে বিএসএফ ম্যাগাজিন "গজরাজ"ও প্রকাশ করা হয়েছে। অনুষ্ঠানে বিএসএফের পক্ষ থেকে জানানো হয়, গত এক বছরে রাজ্যে অনেক সাফল্য অর্জন করেছে, এই সময়ে সীমান্তে কড়া পাহারায় অনুপ্রবেশের দায়ে ৯৩৫ জন রোহিঙ্গা, বাংলাদেশী এবং ভারতীয় নাগরিককে আটক কর হয়েছে। পাশাপাশি, প্রচুর পরিমাণে মাদক ও পাচার সামগ্রী বাজেয়াপ্ত করেছে।

DYFI Seminar at Belonia:

ভারতের গনতান্ত্রিক যুব ফেডারেশনের উদ্যোগে গতকাল বিলোনিয়ার পুরাতন টাউন হলে নেশার বিরুদ্ধে, কর্মসংস্থানের দাবিতে বিলোনিয়া মহকুমাভিত্তিক কনভেনশন অনুষ্ঠিত হয়। কনভেনশনে বরিষ্ঠ আইনজীবী অরিন্দম ভট্টাচার্য, অধ্যাপক

সেলিম শাহ, ডিওয়াইএফআই রাজ্য সম্পাদক নবারুন দেব, অভিজ্ঞতা বিনিময় করে বক্তব্য রাখেন। সভায় নবারুন দেব বলেন, নেশার বিরুদ্ধে ও কর্মসংস্থানের দাবিতে রাজ্যব্যাপী আন্দোলন গড়ে তুলবে ডিওয়াইএফআই। বিধায়ক দীপংকর সেন ও অশোক কুমার মিত্রও কনভেনশনে উপস্থিত ছিলেন।

Weather :

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়েছে। আজ ভোরের তাপমাত্রা ছিল ১৮ ডিগ্রী সেলসিয়াস । আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রী এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রীর কাছাকাছি থাকবে ।
